



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে বিশ্ব পর্যটন দিবস পালিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের উদ্যোগে বিশ্ব পর্যটন দিবস-২০২৪ উদযাপিত হয়েছে। এ উপলক্ষে আজ রবিবার (২৯ সেপ্টেম্বর ২০২৪) নোয়াখালী জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে বর্ণাঢ্য র্যালি বের করা হয়। পরে ক্যাম্পাসে বেলুন উড়ানো ও কেক কাটা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

এসময় আরও উপস্থিত ছিলেন ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান মোঃ নাজমুল হুদা, ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগের অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার, প্রক্টর এএফএম আরিফুর রহমান, কৃষি বিভাগের অধ্যাপক ড. গাজী মোঃ মহসিন, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের সহকারী অধ্যাপক সোহেল মোঃ নাফিসহ বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

প্রসঙ্গত, দিবসটির এ বছরের প্রতিপাদ্য 'পর্যটন শান্তির সোপান'। ১৯৮০ সাল থেকে জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহে দিবটি পালিত হয়ে আসছে।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪